

# সাত কলেজের নতুন সমন্বয়ক ঢাকা কলেজের অধ্যক্ষ

ঢাবি প্রতিবেদক

০২ জানুয়ারি ২০২৪, ০৫:২৯ পিএম



ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের নতুন সমন্বয়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ। আজ মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের একাডেমিক কাজের সুবিধার জন্য ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফকে সমন্বয়কের দায়িত্ব দেওয়া হয়েছে।

উল্লেখ্য, অধ্যাপক মোহাম্মদ ইউসুফ সাত কলেজের তৃতীয় সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। এর আগে দ্বিতীয় সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন ইডেন মহিলা কলেজ অধ্যক্ষ অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্য। গত বছরের ডিসেম্বর মাসে তিনি অবসরে যান। এতে করে সাত কলেজের সমন্বয়কের দায়িত্বটি শূন্য হয়। এর আগে প্রথম সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেছিলেন ঢাকা কলেজের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক আই কে সেলিমুল্লাহ খোন্দকার।